

**বাগ্মাসিক সামষ্টিক মূল্যায়ন - ২০২৪**  
**বিষয়: ইসলাম শিক্ষা, শ্রেণি: সপ্তম**  
**শিক্ষার্থীর জন্য নির্দেশনা**

**অভিজ্ঞতা বিনিময়ের মাধ্যমে ইসলামি উৎসবের পরিকল্পনা তৈরি**

তোমরা নিশ্চয়ই ইদ, ইদে মিলাদুন্নবী, বিয়ে ইত্যাদি সামাজিক ও ধর্মীয় অনুষ্ঠানে গিয়েছ, আয়োজনে অংশগ্রহণ করেছ। এরকম একটি ইসলামি/সামাজিক অনুষ্ঠানে তুমি ইসলামি যেসব রীতিনীতি পালন করেছ, করতে দেখেছ বা শুনেছ সেই অভিজ্ঞতার আলোকে নিচের কাজগুলো করো।

**কাজ ১: ইসলামি উৎসবের কথা বলি**

- ইসলামের বিভিন্ন উৎস থেকে পাওয়া তথ্য এবং তোমার অভিজ্ঞতার আলোকে ধর্মীয় ও সামাজিক উৎসব-অনুষ্ঠানগুলোর নাম লেখো।

**কাজ ২: অভিজ্ঞতা বিনিময় করি**

- তোমার একজন বন্ধুর সঙ্গে আলোচনা করে নিচের ছকের মতন একটি ছক বানিয়ে পূরণ করো।  
নমুনা ছক:

আমি ইসলামি যে উৎসব/অনুষ্ঠানগুলো দেখেছি।	
আমার বন্ধু ইসলামি যে উৎসব/অনুষ্ঠানগুলো দেখেছে।	
বন্ধুর দেখা উৎসব/অনুষ্ঠানগুলো সঙ্গে আমার দেখা অনুষ্ঠানের যেসব ভিন্নতা খুঁজে পেয়েছি।	

**কাজ ৩: বিধি-বিধানের কথা জানাই**

- তুমি ইসলামের বেশ কিছু বিধি-বিধান সম্পর্কে জেনেছ। তোমার দেখা উৎসব/অনুষ্ঠানগুলোতে ইসলামের যেসব বিধি-বিধানের প্রয়োগ হয়েছে সেগুলো লেখো।

**কাজ ৪: ইসলামি উৎসব/অনুষ্ঠানের পরিকল্পনা তৈরি করি**

- মনে করো, তোমরা বিদ্যালয়ে একটি ইসলামি অনুষ্ঠানের আয়োজন করছো। সেই অনুষ্ঠানের জন্য চারজন বন্ধু আলোচনা করে একটা পরিকল্পনা তৈরি করে উপস্থাপন করো।

**পরিকল্পনায় থাকবে:**

- সময় ও স্থান নির্বাচন;
- আমন্ত্রিত অতিথি নির্বাচন;
- দায়িত্ব বন্টন;
- নিমন্ত্রণের চিঠি;
- অনুষ্ঠানসূচি/আলোচ্যসূচি;
- অনুষ্ঠানসংশ্লিষ্ট কুরআন/হাদিসে বানী/প্রার্থনামূলক হামদ বা নাথ।